



# বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

Bangladesh Rice Research Institute, Gazipur  
Phone: PABX-880-2-49272005-9, 49272010-38, 49272056, Fax: 880-2-49272000  
E-mail: [dg@brii.gov.bd](mailto:dg@brii.gov.bd); [briiHQ@yahoo.com](mailto:briiHQ@yahoo.com), Website: [www.brii.gov.bd](http://www.brii.gov.bd)

পত্র নং-সি-৪১৩ (III)/১৮/

তারিখঃ ০৭/০৭/১৯

বিষয়ঃ ০২/০৭/২০১৯ তারিখে অনুষ্ঠিত ব্রি'র ইনোভেশন কার্যক্রমের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

তারিখ ও সময় : ০২/০৭/২০১৯, সকাল-১০.০০ ঘটিকা  
স্থান : ব্রি সভাকক্ষ  
সভাপতি : ড. মোঃ আনহার আলী, পরিচালক (প্রশাসন ও সা: প:), ব্রি।

উপস্থিত কর্মকর্তাবৃন্দঃ পরিশিষ্ট “ক”

সভার প্রারম্ভে ব্রি'র ইনোভেশন টিমের আহবায়ক ও চিফ ইনোভেশন অফিসার, পরিচালক (প্রশাসন ও সা: প:) ড. মোঃ আনহার আলী সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উপস্থিত সকলকে ব্রি'র বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অগ্রগতি পর্যালোচনা ও ওয়েবসাইট হালনাগাদসহ বিভিন্ন বিষয়ে অবহিত করেন। উক্ত সভায় ব্রি'র মাননীয় মহাপরিচালক ড. মোঃ শাহজাহান কবীর উপস্থিত থেকে ব্রি'র চলমান ইনোভেশন তথা উদ্ভাবন সংক্রান্ত সকল কর্মকান্ডের বিষয়ে দিক নির্দেশনামূলক পরামর্শ প্রদান করেন। এসময় উপস্থিত ইনোভেশন টিমের সদস্যগণ তাদের নিজ নিজ মতামতসমূহ পেশ করেন। আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

**সিদ্ধান্ত ১:** বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ অনুযায়ী প্রণীত কর্মপরিকল্পনা ২০১৯-২০; ০৪/০৭/২০১৯ তারিখের মধ্যে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

**সিদ্ধান্ত ২:** বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ অনুযায়ী প্রণীত কর্মপরিকল্পনা ২০১৯-২০; ১০/০৭/২০১৯ তারিখের মধ্যে তথ্য বাতায়নে প্রেরণ করতে হবে।

**সিদ্ধান্ত ৩:** মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো ২০১৯-২০ অনুযায়ী উদ্ভাবন কর্মকান্ড বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।

**সিদ্ধান্ত ৪:** ইনোভেশন টিমের সদস্যগণের উদ্ভাবন সংক্রান্ত অধিকরত অভিজ্ঞতা অর্জনের লক্ষ্যে উদ্ভাবন বিষয়ক কার্যক্রম সফলভাবে চলমান এমন দেশসমূহে ইনোভেশন টিমকে স্বল্প মেয়াদে প্রশিক্ষণের ব্যবস্থা অব্যাহত রাখতে হবে।

**সিদ্ধান্ত ৫:** “রাইস ডক্টর” মোবাইল ও ওয়েব অ্যাপস দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

পরিশেষে, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. মোঃ আনহার আলী)  
পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা)

ও

ইনোভেশন অফিসার  
ব্রি-গাজীপুর।

সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। উচ্চশিক্ষা ও গবেষণা সমন্বয়কারী, পরিচালক (গবেষণা) এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
- ২। ড. মোঃ ইসলাম উদ্দিন মোল্লা, বিভাগীয় প্রধান, প্রশিক্ষণ বিভাগ এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
- ৩। ড. মোঃ আব্দুল লতিফ, বিভাগীয় প্রধান, উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ, এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
- ৪। মু: মুনিরুল ইসলাম, প্রধান পরিকল্পনা কর্মকর্তা, পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ, ব্রি।
- ৫। এস এম মোস্তাফিজুর রহমান, সিস্টেম এনালিস্ট, কৃষি পরিসংখ্যান বিভাগ এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
- ৬। মোঃ মাহফুজ বিন ওয়াহাব, প্রোগ্রামার, কৃষি পরিসংখ্যান বিভাগ, এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
- ৭। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, ব্রি।
- ৮। পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ব্রি।
- ৯। পরিচালক (গবেষণা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ব্রি।
- ১০। সংশ্লিষ্ট নথি।